দৈনিক
জনকণ্ঠ

তারিখ ..25 MAY 2016......
পৃষ্ঠা ...৬... কলাম ৪ .........

# মাদারীপুরে দুই স্কুল ছাত্রীকে ধর্ষণ ॥ আটক দুই

**নিজস্ব সংবাদদাতা, মাদারীপুর, ২৪ মে ॥** শিবচরে একই গ্রামে চার ঘণ্টার ব্যবধানে দুই স্কুলছাত্রী শিশু ধর্ষণের ঘটনা ঘটেছে। ধর্ষণের অভিযোগে দুই যুবককে গ্রেফতার করেছে শিবচর থানা পুলিশ। ধর্ষণের শিকার দুই শিশুকে প্রথমে শিবচর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। পরে অবস্থার অবনতি হলে মাদারীপুর সদর হাসপাতালে প্রেরণ করা হয়। এ ঘটনা দুটি ঘটেছে সোমবার বিকেলে ও সন্ধ্যায়।

জানা গেছে, সোমবার বিকেলে দত্তপাড়া ইউনিয়নের তাজপুর গ্রামের চান মিয়ার ছেলে শান্ত (১৮) প্রতিবেশী আট বছর বয়সী এক শিশুকে ফুসলে নিজেদের ঘরে নিয়ে ধর্ষণ করে। এ সময় শিশুটির চিৎকারে আশপাশের লোকজন এগিয়ে এলে লম্পট, শান্ত পালিয়ে যায়। শিশুটিকে উদ্ধার করে শিবচর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। বর্তমানে শিশুটির অবস্থা আশঙ্কাজনক বলে হাসপাতাল সূত্রে জানা গেছে। অপরদিকে ওই দিন সন্ধ্যায় একই গ্রামের হিরু মুন্সীর ছেলে ইব্রাহিম মুন্সী (১৯) প্রতিবেশী সাত বছর বয়সী শিশুকে পাশের একটি পাটক্ষেতে নিয়ে ধর্ষণ করে।

# লম্পট শিক্ষককে গ্রেফতার দাবি

**নিজস্ব সংবাদদাতা, ঠাকুরগাঁও, ২৪ মে ॥** ছাত্রীর অশ্লীল ছবি ফেসবুক ও বিভিন্ন সামাজিক মাধ্যমে প্রচারের দায়ে লম্পট শিক্ষক পইদুলের বিরুদ্ধে শুরু হয়েছে সামাজিক আন্দোলন। এরই মধ্যে এলাকাবাসী সদর উপজেলার জামালপুর ভগদ গাজী উচ্চ বিদ্যালয়ের ওই লম্পট শিক্ষকের বিরুদ্ধে মানববন্ধন, প্রতিবাদ সমাবেশ ও বিভিন্ন স্থানে একাধিক ব্যানার, পোস্টার ও ফেস্টুন লাগিয়েছে। শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দের নামে ব্যানারে লম্পট শিক্ষক পইদুলের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার আহ্বান ও তাকে স্কুল থেকে অব্যাহতিসহ সামাজিকভাবে বয়কটের আহ্বানের পাশাপাশি বিচারের মুখোমুখি করার জন্য প্রশাসনের দৃষ্টি আর্কষণ করা হয়েছে।

একাধিক স্কুলছাত্রীকে প্রেমের ফাঁদে ফেলে ধারণ করা নগ্ন ভিডিওচিত্র ও ছবির মাধ্যমে তৈরি পর্নোগ্রাফির মূল হোতা লম্পট শিক্ষক পইদুল ইসলামের গ্রেফতার ও শাস্তির দাবিতে জামালপুর ভগদ গাজী এলাকার অভিভাবক ও সাবেক শিক্ষার্থীদের ব্যানারে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ করা হয়েছে।